

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ-এর কার্যক্রম সম্পর্কে ১৪/১০/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব ফরিদা পারভীন, অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১৪/১০/২০২০খ্রিঃ, বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যগণের তালিকা-পরিশিষ্ট-“ক”

সভার শুরুতেই সভাপতি অনুবিভাগের উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানান। উপসচিব মবিঅ-১, এবং সিনিয়র সহকারী প্রধান (প্লাউ) সভায় উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং অননুমোদিতভাবে ভবিষ্যতে কোন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকলে তাদের কারণ দর্শাতে বলেন।

যুগ্মসচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের জনবল সংকটের বিষয়টি উত্থাপন করেন। তিনি বলেন যে, জনবল সংকটের কারণে মন্ত্রণালয়ের কাজে গতি আনা সম্ভব হচ্ছে না।

উপসচিব (বাজেট ও অডিট) বলেন যে, প্রাধিকার অনুযায়ী যে সকল কর্মকর্তার কক্ষে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র থাকার কথা তারা তা পাচ্ছেন না। ফলে তীব্র গরমে দাপ্তরিক কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করতে অসুবিধা হচ্ছে। এ বিষয়ে তিনি প্রশাসন-২ শাখার দৃষ্টি আকর্ষণ করেন এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়ের সাথে যোগাযোগ করার পরামর্শ দেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।

উপসচিব (প্রশাসন-১) বলেন যে, মন্ত্রণালয়ের গত সমন্বয় সভায় অধিশাখায় দায়িত্বরত উপসচিব শাখা পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট উপসচিবদের নির্ধারিত সময়ে শাখা পরিদর্শন করতে নির্দেশনা প্রদান করেন।

সভায় উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	অননুমোদিতভাবে ভবিষ্যতে প্রশাসন অনুবিভাগের কোন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকলে তাদের কারণ দর্শাতে হবে।	উপসচিব (প্রশাসন-১)
০২.	মন্ত্রণালয়ের জনবল সংকট দূরীকরণের জন্য দ্রুততার সাথে নিয়োগ কার্যক্রম আরম্ভ করতে হবে।	উপসচিব (প্রশাসন-১)
০৩.	প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের কক্ষে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বসানোর জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়ের সাথে অনতিবিলম্বে যোগাযোগ করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
০৪.	অধিশাখায় দায়িত্বরত উপসচিবগণ প্রত্যেক সমন্বয় সভার পূর্বে তাদের অধীনস্থ শাখা/শাখাসমূহ পরিদর্শন করবেন।	অধিশাখার দায়িত্বপ্রাপ্ত সকল উপসচিবগণ

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
২৭/১০/২০২০
(ফরিদা পারভীন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং-৩২.০০.০০০০.০১৮.২৯.০৩৪.২০.৪৫৩


তারিখঃ ১১ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ অক্টোবর, ২০২০খ্রিঃ

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। যুগ্ম-সচিব(মবিঅ/প্রশাসন/প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। উপসচিব (প্রশিক্ষণ/বাজেট ও অডিট/প্রশাসন-১/মবিঅ-১/মবিঅ-২/সেল/জামস), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-২/বাজেট/অডিট/জামস)/সিনিয়র সহকারী প্রধান(প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরীয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ অবগতির জন্য:

- ০১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।


২৭/১০/২০২০
(মোহাম্মদ ইয়াসিন খান)
উপসচিব

ফোন- ৯৫৪৫৯৯৬

ই-মেইল: dsadmin@mowca.gov.bd